



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)



তারিখ : ২৮/০৯/২০২১ খ্রি.

স্মারক নং ৩৭.০২.০০০০.১০৫.৩১.১৫৮.১৯/২৪ ফেব্রুয়ারি ১৪/৮

বিষয় : মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ৬৩৫৩/১৮ এর এর আদেশের আলোকে আবেদন নিষ্পত্তিকরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ৬৩৫৩/২০১৮ এর নির্দেশনার আলোকে জনাব মুহাম্মদ রমজান আলী, প্রভাষক(ইসলাম শিক্ষা), সাভার মডেল কলেজ, ঢাকা আবেদন করেন।

আইন শাখার মতামত : সাভার মডেল কলেজের প্রভাষক(ইসলাম শিক্ষা) জনাব রমজান আলী(সাময়িক বরখাস্ত) বিগত ০৯-১১-২০১৭, ২৪-০৮-২০১৭ ও ০৭-০৯-২০১৭ তারিখে সাময়িক বরখাস্ত প্রত্যাহার করে বেতন-ভাতা প্রাপ্তির বিষয়ে আবেদন করেন। উক্ত আবেদন নিষ্পত্তি না হওয়ায় তিনি মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং ৬৩৫৩/২০১৮ দায়ের করেন। উক্ত রিট পিটিশনে মহামান্য হাইকোর্ট বিগত ১৫/০৫/২০১৮ তারিখে কুল জারিসহ অন্তবর্তীকালীন আদেশ প্রদান করেন। অন্তবর্তীকালীন আদেশে পিটিশনারের বিগত ০৯-১১-২০১৭, ২৪-০৮-২০১৭ ও ০৭-০৯-২০১৭ তারিখের আবেদন বিধিমোতাবেক নিষ্পত্তি করার জন্য বিবাদীগণকে নির্দেশ প্রদান করেন। উল্লেখ্য, পিটিশনারের আবেদনের বিষয়টি ৬০দিনের মধ্যে নিষ্পত্তি করার জন্য আদেশে বলা হয়েছে। এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগের নির্দেশের প্রেক্ষিতে পিটিশনারের আবেদনটি বিধি মোতাবেক নিষ্পত্তি করতে হবে এবং তাঁকে অবহিত করতে হবে।

এমতাবস্থায়, পিটিশনার জনাব মুহাম্মদ রমজান আলী, প্রভাষক(ইসলাম শিক্ষা) চাকরিতে পুনর্বাহালসহ পূর্ণাঙ্গ বেতন ভাতা প্রদানের আবেদন বিধি মোতাবেক নিষ্পত্তি করে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

AC/১৬/২৬.৭.২।  
(মো. আবদুল কাদের)  
সহকারী পরিচালক(কলেজ-৩)  
ফোন নং ৯৫৫৬০৫৭

অধ্যক্ষ  
সাভার মডেল কলেজ  
সাভার, ঢাকা।

বিতরণ :

- (১) সভাপতি, গভর্নিৎ বডি, সাভার মডেল কলেজ, সাভার, ঢাকা;
- (২) শিক্ষা কর্মকর্তা(আইন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
- (৩) জনাব মুহাম্মদ রমজান আলী, প্রভাষক(ইসলাম শিক্ষা), সাভার মডেল কলেজ, সাভার, ঢাকা;
- (৪) সংরক্ষণ নথি।